



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours/Programme 1st Semester Supplementary Examination, 2021

BNGHGEC01T/BNGGCOR01T-BENGALI (GE1/DSC1)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নের মান নির্দেশ করে
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে

১। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাওঃ (শব্দসংখ্যা অনধিক ৩০০ শব্দে) ১০ × ৪ = ৪০

একক-১

(ক) বাংলা সাহিত্যের আদিযুগে কীভাবে বৌদ্ধধর্ম ও সংস্কৃতি প্রচারলাভ করেছিল? তার সঙ্গে বাংলা ভাষায় রচিত সাহিত্যের যোগাযোগ কোথায় তা আলোচনা করো। ৫+৫

অথবা

(খ) বাংলা সাহিত্যের আদিযুগের সাহিত্যে বৌদ্ধধর্মের প্রভাবের কারণ কী? আদিযুগের বৌদ্ধধর্ম প্রভাবিত সাহিত্যটি সম্পর্কে আলোচনা করো। ৩+৭

একক-২

(গ) তুর্কী আক্রমণের ধ্বংসচিত্র বাংলা সাহিত্যে কীভাবে প্রতিফলিত হয়েছে তার পরিচয় দাও। ১০

অথবা

(ঘ) বাংলা সাহিত্যের ইতিহাসে আর্য-অনার্য সংস্কৃতির সমন্বয়ের ফলে যে সাহিত্য ধারাগুলির উদ্ভব ঘটেছিল সে সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ১০

একক-৩

(ঙ) মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসে বৈষ্ণব পদাবলীর গুরুত্ব কোথায়? চৈতন্যপূর্ব ও চৈতন্য-পরবর্তী বৈষ্ণব পদাবলীর পার্থক্য আলোচনা করো। ৩+৭

অথবা

(চ) শাক্তপদাবলী বলতে কী বোঝো? বাংলা সাহিত্যে শাক্তপদাবলী উদ্ভবের কারণগুলি কী কী? একজন শ্রেষ্ঠ শাক্তপদাবলীকারের কবিপ্রতিভা সংক্ষেপে আলোচনা করো। ১+৩+৬

একক-৪

(ছ) বাংলা সাহিত্যে মধ্যযুগের শেষ পর্বে অবক্ষয়ের কারণগুলি আলোচনা করো। অবক্ষয়ের যুগে কীভাবে কবিগানের উদ্ভব হয় সে সম্পর্কে আলোকপাত করো। ৭+৩

অথবা

(জ) 'খেউড়' গান বলতে কী বোঝো? এই ধারার গান ও গায়ক-এর পরিচয় দাও। ২+৮

- ২। সংক্ষিপ্ত উত্তর দাওঃ যে-কোনো দুটি (প্রসঙ্গ নির্দেশ করো/শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫ × ২ = ১০
- (ক) বৌদ্ধধর্মের অবলম্বন ছিল কোন্ ভাষা ? বাংলা সাহিত্যে বৌদ্ধধর্ম প্রভাবিত আদি গ্রন্থের নাম কী ? এই গ্রন্থটি কোন্ প্রতিষ্ঠান থেকে কে, কবে প্রকাশ করেন ? গ্রন্থটির নাম কী ? ১+১+১+১+১
- (খ) মনসামঙ্গল কাব্যে আর্য-অনার্য সংস্কৃতির সমন্বয় কীভাবে ঘটেছে - তা সংক্ষেপে বুঝিয়ে দাও। ৫
- (গ) চৈতন্যপূর্ব বৈষ্ণব পদাবলীর শ্রেষ্ঠ দুজন কবির নাম লেখো। তাঁদের মধ্যে কাকে, কেন 'মেথিল কোকিল' বলা হয় ? তাঁর সাহিত্য কোন্ ভাষায় লেখা ? ২+২+১
- (ঘ) 'হাফ-আখড়াই' গান বলতে কী বোঝো ? এই ধারার গানের সংক্ষিপ্ত পরিচয় দাও। ২+৩

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—x—